**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-04-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**G I Tag C.M:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, উদয়পুরের ত্রিপুরাসুন্দরী মন্দিরের পেঁড়া ও জনজাতি মায়েদের পরিধান 'রিগনাই/পাছড়া জি আই ট্যাগএর (GI Tag) স্বীকৃতি অর্জন করেছে। গতকাল নির্বাচনী প্রচারের মাঝে উদয়পুরের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির দর্শন করেন মুখ্যমন্ত্রী। সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের মুখোমুখি হয়ে এবিষয়ে নিজের প্রতিক্রিয়া তুলে ধরে, মুখ্যমন্ত্রী বলেন,এবার আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করলো রাজ্যের অত্যন্ত গর্বের উদয়পুরের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরের পেঁড়া। যা রাজ্যের জাতি-জনজাতি সহ সকল ধর্মপ্রাণ জনগনের কাছে অত্যন্ত গর্বের বিষয়। এর পাশাপাশি জনজাতি মায়েদের পরিধান 'রিগনাই/পাছড়া' আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে বলে তিনি জানান। তিনি বলেন, ভোকাল ফর লোকাল' বিষয়কে অগ্রাধিকার দিয়ে সামনের দিকে এগিয়ে যাচ্ছে ত্রিপুরা।

*******************

**Election camping-1:**

সিপাহীজলা জেলার সোনামুড়া ও নলছড়ে বি.জে.পি প্রার্থী বিপ্লব কুমার দেব গতকাল ভোট প্রচারে অংশ নেন। তার সঙ্গে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস ও বিধায়ক বিন্দু দেবনাথ সহ অন্যান্যরা। নলছড়ে আয়োজিত এক সমাবেশে ভাষণ দিতে গিয়ে বিপ্লব কুমার দেব কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক কাজের উল্লেখ করেন। সমাবেশে বিধায়ক কিশোর বর্মন প্রমুখ উপস্থিত ছিলেন। ।

পূর্ব ত্রিপুরা আসনের বিজেপি প্রার্থী কৃতি সিং দেববর্মনের সমর্থনে গতকাল কৈলাশরের কালীপুর এলাকায় ভোট প্রচার অংশ নেন বিজেপি নেতা তথা শ্রমমন্ত্রী টিংকু রায়। তিনি জনকল্যানে সরকারের গৃহিত উন্নয়ন মূলক কাজগুলি তুলে ধরেন।

এই প্রচার কর্মসূচিতে উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, বি,জে,পি'র মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত প্রমুখ।

এদিকে, কংগ্রেস ও সিপিআই(এম) নেতৃবৃন্দের পক্ষ থেকে ইন্ডিয়া ব্লকের প্রার্থী রাজেন্দ্র রিয়াং-এর সমর্থনে কৈলাশহরের নূরপুরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান, C.P.I (M) মহকুমা সম্পাদক বিশ্বরূপ গোস্বামী প্রমুখ তাদের ভাষণে কেন্দ্র ও রাজ্য সরকারের কাজকর্মের সমালোচনা করেন।

এদিকে, ধলাই জেলার কমলপুরের হালহালিতে ইন্ডিয়া ব্লকের প্রার্থীর সমর্থনে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন, সিপিআই(এম) রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরি ও কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন।

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ইন্ডিয়া জোটের প্রার্থী আশীষ কুমার সাহা গতকাল দক্ষিন জেলার শান্তিরবাজারের তইরুমা, গোবিনবাড়ি, দেবীপুর ও বীরচন্দ্রমনুতে সমাবেশে অংশ নেন। এই সভাগুলিতে শ্রী সাহা ও অন্যান্য বক্তারা কেন্দ্র ও রাজ্য সরকারের সমালোচনা করেন।

*******************

**BJP, Campaign:**

রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনে বিজেপি প্রার্থী দীপক মজুমদার গতকাল আগরতলা পুর নিগমের ১৮ নম্বর ওয়ার্ডের কিছু এলাকায় বাড়ি বাড়ি প্রচারে যান। তাঁর সঙ্গে ছিলেন কর্পোরেটর অভিষেক দত্ত।

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল মোহনপুর মন্ডলের ১০ নম্বর বুথের মনিপুরী চৌমুহনী এলাকায় নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন।

*******************

**PM-Mirat:**

বরিষ্ঠ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল উত্তরপ্রদেশের মিরাটে নির্বাচনী প্রচার শুরু করেন। প্রধানমন্ত্রী এক জনসভায় ভাষণ দিতে গিয়ে বলেন, ২০২৪-এর লোকসভা নির্বাচন শুধু সরকার গঠনের নির্বাচন নয়- ভারতকে এক উন্নত দেশ এবং বিশ্বের তৃতীয় অর্থনৈতিক শক্তি হিসেবে গঠন করারও নির্বাচন। তিনি বলেন, ভারতের গ্রহণযোগ্যতা আজ এক নতুন উচ্চতায় পৌঁছেছে এবং সারা বিশ্ব ভারতের দিকেই তাকিয়ে রয়েছে। জনসভায় উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্য নাথও বক্তব্য রাখেন।

উল্লেখ্য, রামায়ন সিরিয়ালে রাম চরিত্রের অভিনেতা অরুন গোভীল মিরাট লোকসভা কেন্দ্র থেকে বিজেপি দলের হয়ে প্রতিদ্বন্ধিতা করছেন।

*******************

**India Bloc Rally:**

দিল্লির রামলীলা ময়দানে গতকাল ইন্ডিয়া ব্লকের উদ্যোগে এক মহা রেলির আয়োজন করা হয়। সমাবেশে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে অভিযোগ করেন যে কেন্দ্র বিরোধী দলগুলিকে ভয়ভীতি দেখানোর জন্য বিভিন্ন সংস্থার অপপ্রয়োগ করছে। তিনি আরও বলেন, এই নির্বাচন গনতন্ত্র এবং সংবিধানকে বাঁচানোর নির্বাচন এবং বিরোধী জোটকে এর জন্য ঐক্যবদ্ধ হয়ে লড়াই করবে। উল্লেখ্য, ইন্ডিয়া Bloc গঠনের পর এটাই প্রথম জনসমাবেশ। সমাবেশে কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, রাহুল গান্ধী, পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান সহ জোটের অন্যান্য নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন।

এদিকে, নয়াদিল্লিতে দলের সদর দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে বিজেপি বলে যে এই সমাবেশ গণতন্ত্র বাঁচানোর সমাবেশ নয়- এটি পরিবার বাঁচানোর এবং দুর্নীতি গোপনের সমাবেশ।

*******************

**Election:**

রাজ্য নির্বাচন দপ্তরে সার্ভেলেন্স টিম এবং ফ্লাইং স্কোয়াড টিম গত কয়েকদিনে সাড়ে তিন কোটি টাকার উপরে মদ সহ অন্যান্য আপত্তিকর জিনিস বাজেয়াপ্ত করেছে। পশ্চিম ত্রিপুরার রিটার্নিং অফিসার ডক্টর বিশাল কুমার আকাশবাণীকে জানান যে মোহনপুর এবং জিরানিয়া থেকে প্রায় দুই থেকে তিন লক্ষ টাকার মদ আটক করা হয়েছে। তিনি আরো জানান যে ৫০টি ফ্লাইং স্কোয়ার্ড টিম এবং ৫০টি সার্ভেলেন্স টিম ভোটারদের প্রভাবিত করতে পারে এমন আপত্তিকর জিনিস বাজেয়াপ্ত করার কাজ করছে।

*******************

**Disaster:**

কালবৈশাখী ঝড় বৃষ্টিতে গতকাল রাজ্যে বিভিন্ন এলাকায় বেশ কিছু ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। বজ্রপাতে ১ জনের মৃত্যু হয়েছে। রাজ্য বিপর্যয় মোকাবেলা দপ্তর থেকে আধিকারিক শরৎ দাস জানিয়েছেন বহু এলাকায় বিদ্যুৎ পরিবাহী ব্যবহার ও ব্যবস্থারও ক্ষতি হয়। উত্তর জেলার ঊনকোটি, সিপাহীজলা, বিশালগড়, সোনামুড়া, জম্পুইজলা, ধলাইয়ের গন্ডাতুইসা, কমলপুর, পশ্চিম জেলার মোহনপুর, জিরানিয়া, সদর, তেলিয়ামুড়া, খোয়াইয়ের প্রচুর বাড়ি ঘর ক্ষতিগ্রস্ত হয়।

ঝড়ে ব্যাপক ক্ষতি হয়েছে আগরতলার এমবিবি বিমানবন্দরের নবনির্মিত টার্মিনাল ভবন। ঝড়ের দাপটে বিমানবন্দরের টার্মিনাল ভবন থেকে বিমানে প্রবেশ করার স্বয়ংক্রিয় অ্যাপ্রণের বেশ কিছু জায়গার লোহার শীট খুলে পড়েছে। সেই সঙ্গে ভেঙ্গে পড়েছে  এয়ারকন্ডিশন মেশিনের কিছু যন্ত্রাংশ। এতে বিমানবন্দরের কয়েক কোটি টাকার ক্ষতি হয়েছে বলে প্রাথমিক ভাবে ধারণা।

এদিকে, বজ্রপাতে উদয়পুরের রাজনগরে শ্যামল দেবনাথ নাম এক শ্রমিকের মৃত্যু হয়। তিনি রাবার বাগানে কাজ করছিলেন। দমকলের কর্মীরা তাকে উদ্ধার করে গোমতি জেলা হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

*******************

**Seized drug:**

রাধাকিশোরপুর থানার পুলিশ গতকাল গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে এক বাড়ি থেকে দুই যুবককে আটক করেছে। একই সঙ্গে প্রচুর নেশা সামগ্রী, একটি নতুন গাড়ি, তিনটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধার করা ব্রাউন সুগারের বাজার মুল্য আড়াই লক্ষ টাকা হবে বলে পুলিশ জানিয়েছে । পুলিশ এন ডি পি এস আইনে একটি মামলা নিয়েছে । ধৃতদের আজ আদালতে সোপর্দ করা হবে।

*******************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে একশ অংশত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হাকলা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হতে পারে। রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হওয়া বয়ে যেতে পারে বলে সতর্কবার্তা দেওয়া হয়েছে।

আগরতলা ও তার আশেপাশে গতকাল বৃষ্টিপাত হয়েছে ১.২ মিলিমিটার। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

*******************

*******************